

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

বিশেষ তহবিল ব্যবস্থাপনা ইউনিট

প্রধান কার্যালয়

৮, ডি আই টি এভিনিউ (লেভেল ১৪-১৭), ঢাকা-১০০০১

Email: (dgm_sfmu@icb.gov.bd & agm_sfmu@icb.gov.bd)

Phone : 9585693, 9574234

Fax: 88-02-9563313

মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকার এর

জ্ঞাতার্থে জরুরী বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য প্রণোদনা প্যাকেজ প্রণয়ন কমিটি কর্তৃক নির্ধারিত তালিকায় উল্লেখিত সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকার এর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল” নামে একটি তহবিল গঠন করা হয়েছে। আলোচ্য তহবিলের ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবির উপর ন্যস্ত করা হয়েছে। সরকার ঘোষিত প্রণোদনা স্কীম বাস্তবায়নের শর্তে উক্ত তহবিল হতে ঋণ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট সকল মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকার এর নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। সরকার ঘোষিত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে উক্ত ঋণ বিতরণ করা হবে। আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ আগামী ৩০ জুন, ২০১৬ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

সরকার কর্তৃক ঘোষিত উক্ত প্রণোদনা প্যাকেজ এর সুবিধা প্রাপ্তির জন্য পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্ব স্ব মার্চেন্ট ব্যাংক/স্টক ব্রোকারের হাউজের সাথে যোগাযোগের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ অথবা www.icb.gov.bd ভিজিট করা যেতে পারে।

রাজী উদ্দিন আহমেদ
সহকারী মহাব্যবস্থাপক